



জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

০৫(১৮৩)জাতীঃ বিঃ/পরীঃ/প্রফেঃ/বিপিএড/৯৯/২০১৩(অংশ-৫)/১১১৫২

তারিখ : ১৮/০৯/২০২৪

২০২৩ সালের ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন (বিপিএড) ২য় সেমিস্টার পরীক্ষার প্রবেশপত্র প্রিন্ট আউট ও বিতরণ সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তিঃ

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন (বিপিএড) ২য় সেমিস্টার পরীক্ষা Examination Management System (EMS) Software-এর মাধ্যমে আগামী ২৬/০৯/২০২৪ তারিখ থেকে শুরু হবে। উক্ত পরীক্ষার প্রবেশপত্র পরীক্ষা নিয়ন্ত্রকের ডিজিটাল স্বাক্ষরসহ ২২/০৯/২০২৪ তারিখ প্রকাশ করা হবে। সংশ্লিষ্ট সকল কলেজকর্তৃপক্ষকে প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট নিয়ে প্রবেশপত্রের নির্ধারিতস্থানে অধ্যক্ষের স্বাক্ষর ও সীল প্রদান করে পরীক্ষার্থীদের নিকট বিতরণ করতে হবে। প্রবেশপত্র বিতরণের সময় অবশ্যই প্রবেশপত্রের ছবির সাথে পরীক্ষার্থীর চেহারা মিলিয়ে নিতে হবে এবং রেজিঃ ও রোল নম্বর সঠিক আছে কিনা যাচাই করে প্রবেশপত্র বিতরণের ব্যবস্থা নিতে হবে।

উল্লেখ্য যে, কোন বৈধ পরীক্ষার্থীর প্রবেশপত্র পাওয়া না গেলে বা প্রবেশপত্রে কোন প্রকার ভুল হলে ২৩/০৯/২০২৪ তারিখের মধ্যে অধ্যক্ষের সুপারিশ নিয়ে পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর আবেদন করতে হবে।

বি.দ্রঃ রোল বিবরণী ও হাজিরা শীট Examination Management System (EMS)-এর কলেজ প্যানেল থেকে ডাউনলোড করে প্রিন্ট কপি নির্ধারিত কেন্দ্রে সরবরাহের ব্যবস্থা নিতে হবে।

প্রবেশপত্র ডাউনলোড করার লিংক

১. যে কোন ব্রাউজারের এড্রেসবারে <http://ems.nu.ac.bd/> টাইপ করে Examination Management System (EMS) সফটওয়্যারের ওয়েবপোর্টালে প্রবেশ করতে হবে।
২. হোম পেইজের “College login (Admin)” মেনুতে ক্লিক করে কলেজ কোড (xxxx) এবং পাসওয়ার্ড (xxxxxx) দিয়ে প্রবেশ করতে হবে।
৩. কলেজ প্যানেলের বাম পাশের মেনুবার থেকে “Admit Card” মেনুতে ক্লিক করে “Select Exam” এ পরীক্ষার নাম বা কোড (8752 Bachelor of Physical Education 2nd Semester & Year 2023) লিখে “Search” বাটনে ক্লিক করলে “Admit Card By Subject” টেবিলে প্রবেশপত্র, হাজিরা শীট, রোল বিবরণী শীট পাওয়া যাবে। ডাউনলোড করে প্রিন্ট করতে হবে।
৪. এছাড়া কলেজ ইউজারের প্যানেল থেকেও বিষয়ওয়ারী প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।

প্রবেশপত্র ডাউনলোড করতে সমস্যা হলে নিম্নোক্ত ব্যক্তিদ্বয়ের সাথে যোগাযোগ করতে হবে।

১. মোঃ মেহেদী হাসান-০১৬৭৬-২২৭০১৯
২. মোক্তাদিরুল ইসলাম রাজু -০১৬০৯-৬০৫৪৯৪



(মোঃ এনামুল করিম)

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর

ফোনঃ ০২-৯৯৬৬৯১৫১৭

ই-মেইল: controller@nu.ac.bd